গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৪.১৪.০৩৯.১৭-(২য় খন্ড)-৩০২

তারিখ: ২৬ কার্তিক ১৪২৬ ব:
১১ নবেম্বর, ২০১৯খ্রি:

বিষয় : "পুরাতন ঢাকা, কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পুরাতন ঢাকা, কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আন্ত:মন্ত্রণালয় সভা গত ০৫ নভেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব মোঃ শহিদুজ্জামান। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. ইঞ্জিনিয়ার ইন চীফ, সেনাসদর, ঢাকা, ঢাকা সেনানিবাস।
৬. অতিরিক্ত সচিব (উন্নয়ন/ কারা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা।
৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৯. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, "পুরাতন ঢাকা, কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা ।
১১. উপপ্রধান, পরিকল্পনা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক (বাস্তবায়নকারী সংস্থা), পূর্ত পরিদপ্তর, ইইনসি'র শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৩. সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন), কারা অধিদপ্তর, বকশীবাজার, ঢাকা।
১৪. Md. Didarul Islam Bhuiyan Dipu, Principal Architect and Managing Partner, FORM.3 architects, flat 1 & 1/A, House-13, Road-4, DOHS Banani, Dhaka-1206.

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা **(সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশসহ)**।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয় অন্যত্র স্থানান্তর সংক্রান্ত আন্ত: মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ<br>সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০৫/১১/২০১৯ খ্রি: |
| সময় | : | সকাল ১১.৩০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংরক্ষিত।

০২। সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে নিজ নিজ পরিচিতি প্রদানের অনুরোধ জানান। অত:পর তিনি অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে আলোচ্য সূচি অনুযায়ী মূল বিষয়াবলী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, আলোচ্য প্রকল্পটি বিগত ১১/০৯/২০১৮ তারিখে একনেক কর্তৃক ৬০৭৩৫.৮৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় জুলাই/২০১৮ হতে ডিসেম্বর/২০২০ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়। তিনি আরো জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী গত ০১/১১/২০১৮ তারিখে প্রকল্পের উদ্বোধন করেন এবং গত ২৮/০৬/২০১১ তারিখে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী প্রকল্পের Demolition কাজের উদ্বোধন করেন। বর্তমান অর্থবছরে উক্ত প্রকল্পের বিপরীতে ১৫০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যার মধ্যে ৮.৪২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অদ্যকার সভায় "পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয় অন্যত্র স্থানান্তর করা বিষয়টি আলোচ্য সূচী মর্মে জানানো হয়।

০৪। আলোচনায় অংশ নিয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আলোচ্য বিদ্যালয়টি ০৯/০২/১৯৯৫ তারিখে রেজিস্টার্ট প্রাথমিক বিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হয়। পরবর্তী সময়ে ০১/০১/২০১৩ তারিখে জাতীয়করণ করা হয়। এটি কারা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সামনে কারা অধিদপ্তর হতে স্থানান্তরকৃত জমিতে অবস্থিত। এছাড়া, তিনি আরো অবহিত করেন যে, এটি প্রকল্পের 'এ' জোনে অবস্থিত।

০৫। ফরম-৩ আর্কিটেক্ট এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, আলোচ্য ৫ তলা ভিত বিশিষ্ট স্কুলের জন্য ডিপিপিতে ১৩৫৭৩.৫১ লক্ষ টাকা বরাদ্দ আছে এবং স্কুলটির মোট আয়তন ডিপিপি'র পৃষ্ঠা ২ এর প্রাক্কলিত ব্যয়ের সারসংক্ষেপ এ মোট ৭০২৩ বর্গমিটার থাকলেও ডিপিপি'র পৃষ্ঠা ৯৬ এবং ৯৭ এ প্রতিটি ফ্লোরের আয়তন ৭০২৩ বর্গমিটার প্রদর্শন করা হয়েছে। তিনি আরো উল্লেখ করেন যে, আর্কিটেকচারাল ডিজাইন অনুযায়ী স্কুলটির মোট আয়তন ৭০২৩ বর্গমিটার এবং এর আনুমানিক প্রাক্কলিত ব্যয় ৪০০০.০০ লক্ষ টাকা হবে। ইএনসি'র প্রতিনিধি উল্লেখ করেন যে, ডিপিপি'র এ অসংগতি দূর করা না হলে টেন্ডার প্রক্রিয়া ব্যাহত হবে। এ কারণে স্কুলের বিষয়ে ডিপিপি'র অসংগতি দূর করে কাজ শুরু করার লক্ষ্যে পরিকল্পনা কমিশনের মতামত নেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

০৬। সভাপতি বিদ্যালয় অন্যত্র স্থানান্তরের বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বাধ্যবাধকতার বিষয়ে জানতে চাইলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন যে, আলোচ্য বিদ্যালয় এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকা সরেজমিনে পরিদর্শন করে মতামত প্রদান করা যুক্তিসংগত হবে। এছাড়া, তিনি বিদ্যালয় অন্যত্র স্থানান্তরের নীতিমালা অনুসরণ করার পরামর্শ দেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি আলোচ্য বিষয়টির একটি লিখিত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণেরও পরামর্শ দেন। সভাপতি বিদ্যালয় স্থানান্তর সংক্রান্ত নীতিমালা অনুসরণপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। এছাড়া, সভায় স্কুলটি কোন পর্যায়ের হবে (প্রাথমিক বিদ্যালয় অথবা প্রাথমিক কাম মাধ্যমিক বিদ্যালয় হবে) এ নিয়ে আলোচনা হয় এবং পরবর্তী সভায় শিক্ষা মন্ত্রণালয়কে আমন্ত্রণ জানানোর বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন।

০৭। কারা মহাপরিদর্শক সভাকে অবহিত করেন যে, বর্তমানে ঢাকা পিলখানাস্থ বিডিআর সদর দপ্তরে সংগঠিত বিডিআর হত্যাকান্ডের সাথে জড়িতদের বিরুদ্ধে দায়েরকৃত মামলার বিচার কার্য পরিচালনার জন্য ঢাকা মহানগরের বকশিবাজার এলাকা সংলগ্ন কারা অধিদপ্তরের প্যারেড মাঠে নিয়মিত অস্থায়ী আদালতটি কেরাণীগঞ্জে অবস্থিত ঢাকা কেন্দ্রীয় কারাগারের সম্মুখে নবনির্মিত ২নং ভবনে স্থাপিত অস্থায়ী আদালতে স্থানান্তর করা যেতে পারে। এ লক্ষ্যে আইন মন্ত্রণালয়ে প্রস্তাব দেয়া যেতে পারে। সভায় আলোচ্য বিষয়টি বিস্তারিতভাবে ওয়ার্ক আউট করে আইন মন্ত্রণালয়ে প্রস্তাব দেয়ার নির্দেশনা প্রদান করা হয়।

০৮। সহকারী কারা মহাপরিদর্শক সভাকে অবহিত করেন যে, সিটি কর্পোরেশন কর্তৃক নির্মিত মার্কেটটির স্থানে আলোচ্য প্রকল্পের ডিজাইনে খোলা জায়গা রাখার প্রভিশন রয়েছে। তিনি আরো অবহিত করেন যে, পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারের জমির খতিয়ান (সিএস, আরএস, এসএ ও সিটি জড়িপ এর খতিয়ান) সরবরাহ করার জন্য গত ২১/১০/২০১৯ তারিখে জেলা প্রশাসক, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। আলোচ্য তথ্যাদি পাওয়া গেলে এ বিষয়ে সিটি কর্পোরেশন এর সাথে আলাপ-আলোচনা করে মার্কেট অপসারণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। সিটি কর্পোরেশনের প্রতিনিধি এ বিষয়ে একমত পোষণ করেন। সভায় প্রকল্প অন্তর্ভুক্ত সিটি কর্পোরেশন মার্কেট অপসারণের বিষয়ে সিটি কর্পোরেশনের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে সমাধানের নির্দেশনা প্রদান করা হয়।

০৯। সুরক্ষা সেবা বিভাগের কারা অনুবিভাগের অতিরিক্ত সচিব প্রকল্প এলাকায় অবস্থিত মার্কেট সরাণো এবং কম্বল ফ্যাক্টরীসহ অন্যান্য সকল বিষয়ে আলাপ-আলোচনার মাধ্যমে দ্রুত সমাধানে আসার পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

১০। অত:পর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(১০.১) আলোচ্য প্রকল্পের আওতায় ৬ তলা ভিত বিশিষ্ট স্কুলের জন্য ডিপিপিতে ১৩৫৭৩.৫১ লক্ষ টাকা বরাদ্দ আছে এবং স্কুলটির মোট আয়তন ডিপিপি'র পৃষ্ঠা ২ এর প্রাক্কলিত ব্যয়ের সারসংক্ষেপ এ মোট ৭০২৩ বর্গমিটার থাকলেও ডিপিপি'র পৃষ্ঠা ৯৬ এবং ৯৭ এ প্রতিটি ফ্লোরের আয়তন ৭০২৩ বর্গমিটার প্রদর্শন করা হয়েছে। ডিপিপি'র এ অসংগতি দূর করা না হলে টেন্ডার প্রক্রিয়া ব্যহৃত হবে বিধায় এ বিষয়ে পরিকল্পনা কমিশনের মতামত নেয়া;

(১০.২) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে বিদ্যালয়টিসহ প্রকল্প সংশ্লিষ্ট এলাকা সরেজমিনে পরিদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা করা;

(১০.৩) বিদ্যালয় স্থানান্তর সংক্রান্ত নীতিমালা অনুসরণপূর্বক বিদ্যালয়টি স্থানান্তরের বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা;

(১০.৪) এতদসংক্রান্ত পরবর্তী আন্ত: মন্ত্রণালয় সভায় আইন মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও ঢাকা জেলা প্রশাসনকে আমন্ত্রণ জানানো;

(১০.৫) বর্তমানে ঢাকা পিলখানাস্থ বিডিআর সদর দপ্তরে সংগঠিত বিডিআর হত্যাকান্ডের সাথে জড়িতদের বিরুদ্ধে দায়েরকৃত মামলার বিচার কার্য পরিচালনার জন্য ঢাকা মহানগরের বকশিবাজার এলাকা সংলগ্ন কারা অধিদপ্তরের প্যারেড মাঠে নিয়মিত অস্থায়ী আদালতটি কেরাণীগঞ্জে অবস্থিত ঢাকা কেন্দ্রীয় কারাগারের সম্মুখে নবনির্মিত ২নং ভবনে স্থাপিত অস্থায়ী আদালতে স্থানান্তর করার লক্ষ্যে এ বিষয়ে বিস্তারিতভাবে ওয়ার্ক আউট করে আইন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা;

(১০.৬) প্রকল্পভুক্ত সিটি কর্পোরেশন মার্কেট অপসারণের বিষয়ে সিটি কর্পোরেশনের সাথে কারা অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক আলাপ-আলোচনা অব্যাহত রেখে সমাধান করা;

(১০.৭) প্রকল্প এলাকায় অবস্থিত মার্কেট সরাণো এবং কম্বল ফ্যাক্টরীসহ অন্যান্য সকল বিষয়ে আলাপ-আলোচনার মাধ্যমে দ্রুত সমাধান করা।

১১। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১১/১১/২০১৯
(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.com

০৫ নভেম্বর ২০১৯ রোজ মঙ্গলবার বেলা ১১.৩০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''পুরাতন ঢাকা, কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্রঃ নং | নাম ও পদবী (Name and Designation) | প্রতিষ্ঠানের নাম (Name of Institution) | টেলিফোন নম্বর (Contract Number) | স্বাক্ষর (Signature) |
|---|---|---|---|---|
| ১. | সৈয়দ আবদুল মোমিন<br>অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01916-044166 | [signature] |
| ২. | সৈয়দ বেলাল হোসেন<br>অতিরিক্ত সচিব | " | 01711435104 | [signature] |
| ৩. | মো: [illegible] হোসেন<br>[illegible] | " | 01922019828 | [signature] |
| ৪. | মোঃ আখতার রহমান<br>যুগ্ম সচিব | সুরক্ষা সেবা বিভাগ<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয় | 01715008030 | [signature] ৫/১১/২০১৯ |
| ৫. | লে. কর্নেল মো: আতিকুল্লাহ আহমেদ<br>প্রকল্প পরিচালক (বাস্তবায়নকারী সংস্থা) | পূর্ত পরিদপ্তর,<br>ইঞ্জিনিয়ার্স শাখা<br>সেনাসদর | 01711403623 | [signature] 05/11/19 |
| ৬. | মোঃ [illegible]<br>প্রধান নগর [illegible]<br>DSCC | DSCC | 01717455529 | [signature] 05.11.19 |
| ৭. | জাহানারা রহমান<br>উপ-সচিব | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | 01552446775 | [signature] 05/11/19 |
| ৮. | মোহাম্মদ [illegible] রহমান<br>SAS | FD, MoF | 01733551155 | [signature] ০৫/১১/১৯ |
| ৯. | মোহাম্মদ সাজ্জাদ হোসেন<br>সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) | কারা অধিদপ্তর | 01769970020 | [signature] ৫/১১/১৯ |
| ১০. | ব্রি: জে: [illegible] | কারা অধিদপ্তর | 01789970000 | [signature] |
| ১১. | [illegible] ইসলাম [illegible] | FORM-3 architects | 01912956841 | [signature] |
| ১২. | | | | |
| ১৩. | | | | |